

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর  
স্থানীয় সরকার শাখা  
www.jamalpur.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৪.৩৬.০০৫.২৩-৫৪৮

তারিখঃ ১০/০৯/২০২৩ খ্রি.

বিষয়ঃ জাতীয় স্থানীয় সরকার দিবস, ২০২৩ উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ

উপর্যুক্ত বিষয়ের প্রসিক্তে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৯/২৩ তারিখে জাতীয় স্থানীয় সরকার দিবস, ২০২৩ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন গনভবনে অনুষ্ঠিত কেন্দ্রীয় কর্মসূচিতে আমন্ত্রিত জনপ্রতিনিধিগণের অংশগ্রহণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ থেকে প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। আগামী ১৪/০৯/২৩ তারিখে জাতীয় স্থানীয় সরকার দিবস, ২০২৩ পালন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন গনভবনে কেন্দ্রীয় কর্মসূচি অনুষ্ঠিত হবে। আমন্ত্রণপত্র প্রাপ্ত জনপ্রতিনিধিগণ জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ, পৌরসভার মেয়র, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
- ২। আগামী ১৩/০৯/২৩ তারিখে একই ভেনুতে উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত সকলের মহড়া দেয়ার সিদ্ধান্ত বাতিল করা হয়েছে। শুধুমাত্র বক্তৃতা প্রদান বা অন্য কোন কাজের জন্য বিশেষভাবে নির্বাচিত জনপ্রতিনিধিগণের সমন্বয়ে মহড়া অনুষ্ঠিত হবে। এই বিষয়টি স্থানীয় সরকার বিভাগ থেকে অতি স্বল্পের জানিয়ে দেয়া হবে।
- ৩। আগামী ১১/০৯/২০২৩ তারিখ সোমবার সকাল ৯.৩০ ঘটিকায় জেলা পরিষদের সম্মেলন কক্ষে একটি ব্রিফিং সভা অনুষ্ঠিত হবে। উক্ত ব্রিফিং সভায় সকল আমন্ত্রিত অতিথিগণকে আবশ্যিকভাবে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। উক্ত ব্রিফিং সভাতেই সকলের আমন্ত্রণপত্র বিতরণ করা হবে। বিশেষ কারণ ছাড়া এক জনের আমন্ত্রণপত্র অন্য জনকে বা কারো আত্মীয় বা প্রতিনিধিকে প্রদান করা হবে না।
- ৫। সাময়িক বা স্থায়ীভাবে বরখাস্তকৃত জনপ্রতিনিধি ছাড়া যে কোন অসুস্থতার বা দেশত্যাগ বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট জনপ্রতিনিধি অনুষ্ঠানে উপস্থিত হতে ব্যর্থ হলে তার প্রতিনিধি বা প্যানেল চেয়ারম্যান বা প্যানেল মেয়র তার স্থলাভিষিক্ত হতে পারবেন না। কারো বিরুদ্ধে আদালত কর্তৃক চার্জশিট গ্রহণ বা মামলা আমলে নেয়া বা গ্রেপ্তারি পরোয়ানা থাকা বা রাষ্ট্রবিরোধী কার্যক্রমে জড়িত থাকা বা অনাস্থা প্রস্তাব গৃহীত হলে বা অন্য কোন বিতর্কিত কার্যক্রমে জড়িত থাকলে তিনি আমন্ত্রণযোগ্য হবেন না।
- ৬। জনপ্রতিনিধিগণকে জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট ও আমন্ত্রণপত্র সাথে নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন 'গনভবন'-এ ১৪/০৯/২৩ তারিখে সকাল ৭ ঘটিকার মধ্যেই মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন 'গনভবন'-এ ফটকে উপস্থিত থাকতে হবে।
- ৭। কোন জনপ্রতিনিধি বৈধ বা যুক্তিসঙ্গত কারণ ছাড়া উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করা থেকে বিরত থাকতে পারবেন না।
- ৮। আমন্ত্রিত জনপ্রতিনিধিগণ মার্জিত ও ভদ্রোচিত পোশাক পরিধান করবেন। তারা মোবাইল ফোন ছাড়া অন্য কোন ইলেকট্রিক ডিভাইস ও ধাতব বস্তু সঙ্গে বহন করতে পারবেন না।
- ৯। বক্তৃতা প্রদান বা অন্য কোন কাজের জন্য বিশেষভাবে নির্বাচিত জনপ্রতিনিধিগণকে অবশ্যই কোভিড পরীক্ষা করাতে হবে। সম্ভব হলে সকল জনপ্রতিনিধি নিজ উদ্যোগে কোভিড পরীক্ষা করালে ভাল হয়।



সরকার আব্দুল্লাহ আল মামুন বাবু

উপপরিচালক

স্থানীয় সরকার

জামালপুর

ফোন-০২৯৯৭৭৭২১৯৩

ই-মেইল-ddlgjamalpur22@gmail.com

১। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ,  
জামালপুর

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জামালপুর

৩। মেয়র, পৌরসভা (সকল), জামালপুর

৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর

অনুলিপি: সদয় জ্ঞাপনার্থে / কার্যার্থেঃ

১। গোপনীয় সহকারী (অফিস), জেলা প্রশাসকের গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। জেলা প্রশাসক এর সদয় অবগতির  
জন্য